দৈনিক ইত্তেফাক

22

তারিখ ... 18 MAY 1996
পৃষ্ঠা ... 12 কলাম ... 2

## কুদরত-ই-খুদা কমিশনের আলোকে শিক্ষানীতি প্রণয়নের অঙ্গীকার করায় আওয়ামী লীগকে অভিনন্দন

গতকাল শুক্রবার ঢাকা সিটি কমার্স কলেজে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (বাকবিশিস) কেন্দ্রীয় কমিটির সভায় প্রস্তাবে আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহারে ডঃ কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনের রিপোর্ট অনুযায়ী জাতীয় শিক্ষানীতি প্রণয়নের ঘোষণা দেওয়ায় অভিনন্দন জানাইয়া আসন্ন নির্বাচনকে অবাধ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার কাজে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের সচেতন ভূমিকা পালনের আহ্বান জানানো হয়। সমিতির সভাপতি প্রফেসর ডঃ ম. আখতারুজ্জামানের সভাপতিত্বে এই সভায় সাম্প্রতিক ঘূর্ণিঝড়ে নিহতদের রূহের মাগফেরাত ও আহতদের আশু সুস্থতা কামনা করা হয়। সভার প্রস্তাবে প্রধান উপদেষ্টার সহিত সাক্ষাতের আলোকে সরকারী কর্মচারীদের মত বেসরকারী শিক্ষকদের ১০ ভাগ বেতন বৃদ্ধি ও একটি করিয়া টাইম স্কেল প্রদানের দাবী জানানো হয়। সভায় বক্তব্য রাখেন অধ্যাপক রঙ্গলাল সেন, অধ্যাপক রিয়াজুল ইসলাম, অধ্যাপিকা হুসনে আরা, অধ্যক্ষ আতাউর রহমান প্রমুখ। —প্রেস বিজ্ঞপ্তি